তারিখ 13 JAN 1986
পৃষ্ঠা 1 কলাম 3

ইত্তেফাক ... 19

# স্কুলে ভর্তি পরীক্ষাঃ একই দৃশ্য

(ইত্তেফাক রিপোর্ট)

নগরীতে স্কুলগামী ছাত্র-ছাত্রীদের সংখ্যা স্বাভাবিকভাবেই বৃদ্ধি পাওয়ায় স্কুলগুলিতে বিশেষভাবে অপেক্ষাকৃত ভালো বলিয়া পরিচিত বিদ্যালয়গুলিতে নূতন ভর্তির জন্য ছাত্রছাত্রীদের ভীড় বাড়িয়াছে।

গতকাল বেশীর ভাগ স্কুলের ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়। সরকারী ল্যাবরেটরী হাইস্কুলের প্রথম শ্রেণীতে দুই সেকশনে মোট আসন ষাটটি। এই আসনগুলির জন্য আবেদনপত্র পাড়িয়াছিল ৭ শত ২৫টি। গতকাল অনুষ্ঠিত প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে ৬ শত ৯৩ জন। ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে আগামীকাল (মঙ্গলবার)। এক সেকশনে চল্লিশটি আসন খালি রহিয়াছে। আবেদনকারী ৩ শত ৪৪। অন্য কোন ক্লাসে এখন আসন শূন্য নাই। জানা যায়, এই বিদ্যালয়টি প্রায় চারশত ছাত্র লইয়া ১৯৬১ সনে যাত্রা শুরু করে। তখন তৃতীয় হইতে দশম শ্রেণী পর্যন্ত ছিল। পরে প্রথম ও দ্বিতীয় শ্রেণীও

(২য় পৃঃ দ্রঃ)

## স্কুল ভর্তি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

অন্তর্ভুক্ত হয়। আর এখন ছাত্র সংখ্যা এক হাজার পঞ্চাশ এবং শিক্ষক তেত্রিশ জন। ১৯৮৫ সনে এই বিদ্যালয়ে ১ শত ৩৫টি আসন বৃদ্ধি করা হয়। এইবার বৃদ্ধি করা হইতেছে ১ শত।

বিদ্যালয়টির এক পর্যায়ে সম্প্রসারণ কাজ সমাপ্তির পথে। আর মোট ৭/৮ জন শিক্ষক বৃদ্ধি এবং প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ করা হইলে অষ্টম শ্রেণীতে চল্লিশটি এবং নবম শ্রেণীতে পঞ্চাশটি আসন বাড়ানো সম্ভব হইবে।

বেসরকারী বিদ্যালয়গুলির মধ্যে 'ভালো' বলিয়া পরিচিত বিদ্যালয় মতিঝিল আইডিয়াল হাই স্কুলের ছাত্র আসন সংখ্যা ১৯৮৩ হইতে ১৯৮৫সন পর্যন্ত তিন বছর ধরিয়া স্থিতিশীল রাখা হয়, চলতি বছরে তিনটি নূতন সেকশন খুলিয়া ছাত্র আসন বাড়ানো হইয়াছে। বর্তমানে বালক-বালিকা উভয় শাখায় মোট আসন সংখ্যা প্রায় ২ হাজার ৮ শত। শিক্ষক সত্তর জন।

এই স্কুলের ভর্তি পরীক্ষা গত শুক্র হইতে গতকাল পর্যন্ত তিনদিনব্যাপী সম্পন্ন হইয়াছে। আবেদনকারীদের শতকরা ৯৫ ভাগই পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে।
প্রথম শ্রেণীতে বালক-বালিকা একত্রে আসন সংখ্যা ১ শত কুড়িটি, আবেদনপত্র পড়িয়াছিল ৯ শত ৯৫টি। দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীতে কোন আসন খালি নাই। পঞ্চম শ্রেণীতে ছাত্রীদের ৫[illegible] আসনে আবেদনকারী ১ শ[illegible] চল্লিশ। আর তিরিশটি ছা[illegible] আসনে প্রার্থী ৪ শত তিরিশ জ[illegible] ষষ্ঠ শ্রেণীতে বালক-বালিকা উভ[illegible] শাখায় সমান সংখ্যক আসন দু[illegible] শাখায় মোট একশত। আ[illegible] আবেদনপত্র পড়িয়াছে ছাত্রী— ২ শত ৪৪ এবং ছাত্র-৬ শত ২১ অন্যান্য শ্রেণীতে খালি আসন [illegible] আবেদনকারীর সংখ্যা নিম্নরূপ সপ্তম (বালক)—খালি আস[illegible] তিরিশ আর আবেদনকারী [illegible] শত ৩৬; (বালিকা শাখা[illegible] খালি আসন নাই) একইভাবে অষ্টম-ছাত্রী-কুড়ি/৭৯, ছাত্র— ১৫/২ শত ১৯, নবম—ছাত্রী দশ/৯৫, ছাত্র-১৫/২৭৭, দশম— ছাত্রী-১৫/২১, ছাত্র-কুড়ি/৫৯ বেসরকারী বালিকা বিদ্যালয়ে[illegible] মধ্যে সুপরিচিত আজিমপু[illegible] বালিকা বিদ্যালয়ে দ্বিতীয় শ্রেণী[illegible] আবেদনকারী ১ শত ৬৩, আ[illegible] পাঁচটি সেকশনে, (প্রতিটিতে[illegible] পঞ্চাশ) খালি আসন মো[illegible] আড়াইশত। এখানে প্রথম শ্রেণ[illegible] নাই, তাই দ্বিতীয় শ্রেণীর সক[illegible] আসনই বছরের শুরুতে খা[illegible] থাকে। পঞ্চম শ্রেণীতে পঞ্চাশ[illegible] খালি আসনে ৬৩টি আবেদনপত্র পড়িয়াছে। আর কোন শ্রেণীতে আসন খালি নাই। এই স্কুলে বর্তমানে ছাত্রীসংখ্যা ২ হাজার ৯ শত ১৫, আর শিক্ষক মোট সত্তর জন। এই ধারণ ক্ষমতার মধ্যেই এইবার ছাত্রীভর্তি চলিতেছে, নূতন আসন সৃষ্টি করা হয় নাই।